সংবাদ

তারিখ ২২/৩/৮২

পৃষ্ঠা ... কলাম ...

441

042

# বগুড়ায় ৬৬ জন পরীক্ষার্থী ও ৩ জন পরিদর্শক বহিষ্কৃত

(নিজস্ব প্রতিনিধি)

বগুড়া, ২২শে মার্চ।—পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে গতকাল পর্যন্ত সাতটি পরীক্ষা কেন্দ্র থেকে ৬৬ জন এসএসসি পরীক্ষার্থীকে এবং মহাস্থান ও শিবগঞ্জ থেকে তিনজন পরিদর্শককে বহিষ্কার করা হয়। শিবগঞ্জ কেন্দ্রে নকল সরবরাহ করার দায়ে বজলুর রহমান নামের একজন কলেজ ছাত্রকে গেরেফতার করা হয়।

অভিযোগ পাওয়া গেছে, বোর্ডের নির্দেশ অনুযায়ী প্রত্যেক বেঞ্চে দুজন ছাত্রের বসার ব্যবস্থার কথা থাকলেও গাবতলী কেন্দ্রে প্রতি বেঞ্চে তিনটি করে আসন ফেলা হয়েছে।